

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪৩৭

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالى)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - বিভিন্ন সময়ের পঠিতব্য দু'আ

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنِي أُرِيدُ سَفَرًا فَزُوّدْنِي فَقَالَ: «وَغَفَرَ ذَنْبَكَ» قَالَ: زِدْنِي قَالَ: «وَغَفَرَ ذَنْبَكَ» قَالَ: زِدْنِي اللَّهُ التَّقُوى». قَالَ: زِدْنِي قَالَ: «وَغَفَرَ ذَنْبَكَ» قَالَ: زِدْنِي بَأْبِي أَنْتَ وَأُمِّي قَالَ: «وَيَسَّرَ لكَ الْخَيْر حيثُما كُنْتَ». رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ

বাংলা

২৪৩৭-[২২] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, জনৈক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বললো, হে আল্লাহর রসূল! আমি সফরের ইচ্ছা করেছি, আমাকে কিছু পাথেয় (উপদেশ) দিন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আল্লাহ তোমাকে তাকওয়া অবলম্বনের পাথেয় দান করুন (ভিক্ষাবৃত্তি থেকে বাঁচান)। লোকটি বললো, আমাকে আরো কিছু উপদেশ দিন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন, আল্লাহ তোমার গুনাহ মাফ করুন। লোকটি আবার বললো, আমার মাতাপিতা আপনার জন্য কুরবান হোক। আমাকে আরো কিছু উপদেশ দিন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তুমি যেখানেই থাকো আল্লাহ যেন তোমার জন্য কল্যাণকর কাজ করা সহজ করে দেন। (তিরমিয়ী; তিনি বলেন, হাদীসটি হাসান গরীব)[1]

ফটনোট

[1] হাসান সহীহ : তিরমিয়ী ৩৪৪৪, ইবনু খুযায়মাহ্ ২৫৩২, মুসতাদারাক লিল হাকিম ২৪৭৭, আদ্ দা'ওয়াতুল কাবীর ৪৫৬, আল কালিমুত্ব তুইয়্যিব ১৭১, সহীহ আল জামি' ৩৫৭৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: وَغَفَرَ ذَنْبَكَ এ কথা বলার উদ্দেশ্য হল- তাকওয়ার বিশুদ্ধতার প্রতি ইঙ্গিত করা হয়েছে। আর তার ওপর অটল থাকার নির্দেশ দেয়া হয়েছে।



(وَيَسَّرَ لكَ الْخَيْرَ) অর্থাৎ- দুনিয়া ও আখিরাতের কল্যাণ তোমার জন্য সহজ করুন।

মানাবী (রহঃ) বলেনঃ এ হাদীসে মুসাফির ব্যক্তিকে বিদায় জানানোর বিধান বা দলীল বর্ণিত হয়েছে। তাই প্রত্যেক ব্যক্তির জন্য মুস্তাহাব হল, কোন মুসাফির ব্যক্তিকে বিদায় দেয়ার সময় এ দু'আ পাঠ করা। মোটকথা আলোচ্য হাদীসে প্রমাণিত হয় যে, মুসাফিরের জন্য এ দু'আগুলো পাঠ করা শার'ঈভাবে স্বীকৃত।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন